সমকাল
07 JUN 2016
পৃষ্ঠা ২৯ কলাম ৬

# জাফলং ভ্যালি বোর্ডিং স্কুলে স্বল্প খরচে পড়বে মেধাবীরা

—— এ. কে. আজাদ

■ সিলেট ব্যুরো ও গোয়াইনঘাট সংবাদদাতা

এফবিসিসিআইর সাবেক সভাপতি ও সমকাল প্রকাশক এ. কে. আজাদ বলেছেন, দেশের মেধাবী শিক্ষার্থীরা স্বল্প খরচে জাফলং ভ্যালি বোর্ডিং স্কুলে লেখাপড়ার সুযোগ পাবে। প্রচুর টাকা খরচ করে যেসব ছেলেমেয়ে বিদেশে পড়াশোনা করতে যাচ্ছে, তারা জাফলং ভ্যালি বোর্ডিং স্কুলে এর অর্ধেক টাকা খরচে একই মানের পড়াশোনার সুযোগ পাবে। তিনি বলেন, সিলেটে অত্যন্ত মনোরম পরিবেশ ও পাহাড়-টিলাবেষ্টিত এলাকায় জাফলং ভ্যালি বোর্ডিং স্কুল প্রতিষ্ঠা করা হয়েছে।

গতকাল সোমবার সকালে নির্মাণাধীন এই স্কুল পরিদর্শন শেষে সাংবাদিকদের এ কথা বলেন এ. কে. আজাদ। এ সময় উপস্থিত ছিলেন বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটির চেয়ারম্যান ও কানাইঘাট-জকিগঞ্জের সাবেক সংসদ সদস্য হাফিজ আহমদ মজুমদার।

হাফিজ আহমদ মজুমদার বলেন, আমাদের দেশে উন্নতমানের বোর্ডিং স্কুল এখনও হয়ে ওঠেনি। বোর্ডিং স্কুলে যেসব ছেলেমেয়ে পড়াশোনা করে শিক্ষিত হয়, বিদেশেসহ সব জায়গায় তারাই পরে নেতৃত্বে আসে। এভাবে দেশের মেধাবী শিক্ষার্থীদের এনে ■ পৃষ্ঠা ১৫ : কলাম ৬

## জাফলং ভ্যালি

[১৯ পৃষ্ঠার পর]

উন্নতমানের শিক্ষাদানের মাধ্যমে ভবিষ্যতে তাদের দিয়ে জাতীয় নেতৃত্বের মনোবাসনা নিয়ে আমরা এই ভ্যালি বোর্ডিং স্কুল প্রতিষ্ঠা করতে যাচ্ছি। পরিদর্শন শেষে মিসেস হাফিজ আহমদ মজুমদার ও সায়েমা আজাদ শাম্মী কেক কেটে শুভকামনা করেন। প্রতিষ্ঠানের সফলতার জন্য বিশেষ মোনাজাত পরিচালনা করেন পুলিশের সাবেক অতিরিক্ত মহাপরিদর্শক সামসুল আলম।